



গণউন্নয়ন গ্রন্থাগার ইন্টার্নি অ্যাসোসিয়েশনের সংবর্ধনা সভায় বক্তব্য রাখছেন আবদুল নূর শংকর

গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে পিএইচডি ডিগ্রিপ্রাপ্তদের সংবর্ধনা

নিজস্ব বার্তা পরিবেশক : গণউন্নয়ন গ্রন্থাগার ইন্টার্নি অ্যাসোসিয়েশনের উদ্যোগে বৃহস্পতিবার গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে পিএইচডি ডিগ্রিপ্রাপ্তদের সম্মানে এক সংবর্ধনা সভার আয়োজন করা হয়। গণউন্নয়ন গ্রন্থাগার মিলনায়তনে এ সংবর্ধনা সভায় প্রধান অতিথি ও বিশেষ অতিথি ছিলেন যথাক্রমে বাংলাদেশ লাইব্রেরি সমিতির সভাপতি আবদুল নূর ও ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপিকা সুরাইয়া বেগম।

এতে পিএইচডি ডিগ্রিপ্রাপ্তদের মধ্যে ড. নাসির উদ্দিন আহমদ, ড. আবদুল সাত্তার, ড. নিরাজুল ইসলাম, ড. আজিজুল হাকিম, ড. মুহাম্মদ রহমান, ড. এস এম. নাসরাম, ড. নূরুল নাহার রহমান, ড. কে. এম. সাইফুল ইসলাম, ড. সারওয়ার হোসেন, ড. আফিফা রহমান, ড. মল্লিকী বনিক, ড. মোফাজ্জর হোসেন খান, ড. আবদুল হক, ড. এ. এফ. এম ফজলে কবিরকে সংবর্ধিত করার পাশাপাশি প্রত্যেককে একটি ক্রেস্ট ও পশ্চান্নাপত্র দেয়া হয়।

গণউন্নয়ন গ্রন্থাগারের পরিচালক হাকিম উর রশিদের সভাপতিত্বে এ সংবর্ধনা সভায় আরও বক্তব্য রাখেন ড. নাসির উদ্দিন আহমদ, ড. আবদুল সাত্তার, বন্দুকার গজদুর রহমান, ইন্টার্নি অ্যাসোসিয়েশনের সহ-সভানেত্রী ফারহানা বেগম ও সাধারণ সম্পাদক তাজী খোন্দকার গাউসুল হক।

উল্লেখ্য, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগ থেকে স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত ৬৪ জন ছাত্রছাত্রী এ পর্যন্ত গণউন্নয়ন গ্রন্থাগারে ইন্টার্নি হিসেবে কাজ করেছেন। তাদের সমন্বয়ে গঠিত সংগঠন এআইসি'র এটি ছিল প্রথম অনুষ্ঠান।